

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯২২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই সাত অঙ্গের উপর সাজদা করার নির্দেশ দেওয়া হয়েছে তার বর্ণনা

ذِكْرُ الْأَعْضَاءِ السَّبْعَةِ الَّتِي أُمِرَ الْمُصلِّي أَنْ يسجد عليها

আরবী

1922 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّتَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ حَدَّتَنَا وُهَيْبٌ عَنِ ابْنِ طَاوُوسٍ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أُمرت أَنْ أَسْجُدَ طَاوُوسٍ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أُمرت أَنْ أَسْجُدَ عَلَى سَبْعَةِ أَعْظُمٍ: الْجَبْهَةِ وَأَشَارَ بِيَدِهِ إِلَى أَنْفِهِ وَالْيَدَيْنِ وَالرُّكْبَتَيْنِ وَالْقَدَمَيْنِ وَلَا أَكُفَّ التِّيَابَ ولا الشعر)

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1922 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (829)

বাংলা

১৯২২. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমাকে আদেশ করা হয়েছে যেন আমি সাত অঙ্গের উপর সাজদা করি: কপাল, (রাবী বলেন, এই বলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর নাকের দিকে ইশারা করেন), দুই হাত, দুই হাঁটু, আর দুই পা। আর আমি যেন চুল ও কাপড় না গুটাই।"[1]

ফুটনোট

[1] নাসাঈ: ২/২১৫; তাবারানী, তাহযীবুল আসার: ১/১৯৯-২০০; তাবারানী আল কাবীর: ১০৮৬২; সহীহ ইবনু খুযাইমাহ: ৬৩৩; আত তায়ালিসী: ২৬০৩; মুসনাদ আহমাদ: ১/২৫৫; সহীহ আলবুখারী: ৮১০; সহীহ মুসলিম: ৪৯০; আবূ দাউদ: ৮৯০; দারেমী: ১/৩০২; আবূ আওয়ানা: ২/১৮২; সুনান বাইহাকী: ২/১০৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৫৬; হুমাইদী: ৪৯৩; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২৯৭১; মুসনাদ আহমাদ: ১/২২১; তিরমিযী:



৮৮৩; সহীহ আবূ আওয়ানা: ২/১৮২; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৯৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ৮২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন